# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 20 May, 2025

বকেয়া বেতন পরিশোধের দাবিতে প্রধান উপদেষ্টার বাসভবন অভিমুখে মার্চ টু যমুনা কর্মসূচি করছেন গার্মেন্টস শ্রমিকরা।এ সময় যমুনা অভিমুখে যাত্রায় পুলিশের বাধার মুখে কাকরাইল মোড়ে অবস্থান নিয়েছেন আন্দোলনকারীরা।

মঙ্গলবার (২০ মে) বিকেল ৩টার দিকে মিছিল নিয়ে কাকরাইল মোড়ে উপস্থিত হন আন্দোলনকারীরা।

সরেজমনে দেখা যায়, বেতনের দাবিতে ব্যানার হাতে স্লোগান দিতে দিতে পল্টনের দিক থেকে যমুনার উদ্দেশে এগিয়ে আসেন গার্মেন্টস শ্রমিকরা।এরপর কাকরাইল মোড়ে পুলিশ তাদের বাধা দিলে আন্দোলনকারীরা কাকরাইল মোড় অবরোধ করে সেখানে বসে বিভিন্ন স্লোগান দিতে থাকেন।

এ সময় প্রায় ১৮ মাস আগে বন্ধ হয়ে যাওয়া ডার্ড গ্রুপের পাঁচটি প্রতিষ্ঠানের ত্রিপক্ষীয় চুক্তি মোতাবেক শ্রমিক-কর্মচারীদের সব পাওনাদি পরিশোধের দাবিতে উপদেষ্টা বরাবর স্মারকলিপি– শীর্ষক ব্যানার হাতে বেতনের দাবিতে বিভিন্ন স্লোগান দিতে থাকেন আন্দোলনকারীরা।

বিক্ষোভ গার্মেন্টস শ্রমিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:07

URL: https://www.timestodaybd.com/national/1236682761